



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

দৈনিক মজুরি ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৪৬.১০.০০০০.০০৪.১১.০৪৩.১৯ - ৭২৮

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৬
২৭ সেপ্টেম্বর ২০১৯

স্থানীয় সরকার বিভাগের ০৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.১৮-১১৫৯ সংখ্যক স্মারকের অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের হোল্ডিংসমূহের ডাটা এন্ট্রি করার লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে [৬ (ছয়) মাসের জন্য] দৈনিক মজুরি ভিত্তিক (কাজ করলে মজুরি না করলে নেই) শর্তে ২৫০ (দুইশত পঞ্চাশ) জন অদক্ষ শ্রমিক নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরি না করলে নেই” ভিত্তিতে ৬ (ছয়) মাসের জন্য কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
১	২	৩	৪	৫
১	অদক্ষ শ্রমিক (কম্পিউটার অপারেটর কর্মী)	২৫০ জন	<ul style="list-style-type: none">প্রার্থীকে কমপক্ষে এস,এস,সি পাশ হতে হবে।প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দের মুদ্রাক্ষরিক গতি এবং বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দের মুদ্রাক্ষরিক গতি থাকতে হবে।	১৮-৩০ বৎসর

শর্তাবলীঃ

- নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। ডিএনসিসি'র ওয়েব-সাইট (www.dncc.gov.bd) এ আবেদন ফরম পাওয়া যাবে।
- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
 - (ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - (খ) শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার প্রশিক্ষণের সনদ এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদ এর সত্যায়িত ফটোকপি।
 - (গ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সূক্ষ্ম নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
- আবেদনপত্র সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেটোর পয়েন্ট, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ১০/১০/২০১৯ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৫ নং কলামের বর্ণনানুযায়ী হতে হবে; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজী ২০ (বিশ) শব্দ এবং বাংলা ২০ (বিশ) শব্দের গতিসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
- অদক্ষ শ্রমিক (কম্পিউটার অপারেটর কর্মী) এর ক্ষেত্রে সর্বসাকুল্যে দৈনিক মজুরি ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা প্রদান করা হবে।
- প্রার্থীকে সুস্থ ও সঠিক স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী [৬ (ছয়) মাসের জন্য] ও দৈনিক মজুরি ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


সচিব

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. বিভাগীয় প্রধান (সকল).....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি বহুল প্রচলিত ২টি দৈনিক পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।
৮. সচিবের ব্যক্তিগত সহকারী।
৯. অফিস কপি।